

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
ঢাকা।


নং-এডি-পিএন্ডও-৯২৭(অংশ)/ ৪১১

তারিখঃ ১৯ আগস্ট ২০১৮

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পররাষ্ট্র মন্ত্রণালয় শীঘ্রই মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা, সহকারী সাইফার কর্মকর্তা এবং ব্যক্তিগত কর্মকর্তাবৃন্দের অংশগ্রহণে 'iBAS++ (Integrated Budget and Accounting System) & BACS (Budget and Accounting System)' বিষয়ক প্রশিক্ষণ কোর্স এর আয়োজন করতে যাচ্ছে। ইতোপূর্বে পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত 'হিসাব ব্যবস্থাপনা' বিষয়ে অনুষ্ঠিত প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণকারী কর্মকর্তাগণ, প্রশাসনিক কর্মকর্তা (হিসাব) পদের বিপরীতে কাজ করেছেন এমন কর্মকর্তাবৃন্দ এবং ভবিষ্যতে মিশনে প্রশাসনিক কর্মকর্তা (হিসাব) পদে পদায়িত হতে ইচ্ছুক প্রশাসনিক কর্মকর্তা, সহকারী সাইফার কর্মকর্তা এবং ব্যক্তিগত কর্মকর্তাবৃন্দের প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

০২। উল্লিখিত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে আগ্রহী প্রশাসনিক কর্মকর্তা/সহকারী সাইফার কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তাগণ-কে আগামী ০৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখের মধ্যে তাদের অংশগ্রহণের বিষয়ে মন্ত্রণালয়ের নিয়োগ ও প্রশিক্ষণ শাখাকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।



(নুসরাত জাহান)

সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)


ফোনঃ ৯৫৫৫৩২০

নং-এডি-পিএন্ডও-৯২৭ (অংশ)/ ৪১১

তারিখঃ ১৯ আগস্ট ২০১৮

বিতরণঃ

- ১। সচিব (দ্বিপাক্ষিক ও কনসুলার), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/সংস্থাপন/সাধারণ সেবা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। প্রশাসনিক কর্মকর্তা/সহকারী সাইফার কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (সকল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।



(নুসরাত জাহান)

সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)